তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ



*মির্জাপুরে নওগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়* -সংবাদ

### নওগাঁও সর. প্রা. বিদ্যালয়

# জরাজীর্ণ স্কুল ভবন ধসে বড় দুর্ঘটনার আশঙ্কা

**প্রতিনিধি, মির্জাপুর (টাঙ্গাইল)**

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলার ৬৩ নং নওগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ স্কুল ভবন ধসে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এলাকাবাসী জানান, ১৯৬৮ সালে গ্রামবাসীর উদ্যোগে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করা হয়।

পরবর্তীতে ১৯৭৪ সালে এ প্রাথমিক বিদ্যালয়টি জাতীয়করণ করা হলে ১৯৮৪ সালে সরকার একটি টিনশেড ভবন তৈরা করে দেয়। কোন সংস্কার কাজ না করায় ভবনটি এখন জরাজীর্ণ হয়ে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। বিদ্যালয়ের শিক্ষক ও পরিচালনা কমিটির সদস্যগণ একটি নতুন ভবন নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনের কাছে একাধিকবার আবেদন করা হলেও অদ্যাবধি কোন ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়নি। স্কুলের জানালা দরজা সব ভাঙা। দেয়াল ও খুঁটির আস্তর খসে পড়ায় এবং কোন কোন খুঁটি ভেঙে পড়ায় ছাত্রছাত্রীরা ভয়ে ভয়ে ক্লাস করে। যে কোন সময় ভবনটি ধসে পড়ে বড় ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। বিদ্যালয়টিতে ২০৩ জন ছাত্রছাত্রী অধ্যয়ন করলেও রয়েছে মাত্র ২টি শ্রেণীকক্ষ। জরাজীর্ণ ভবনটির এই দুই শ্রেণী কক্ষে ঝুঁকি নিয়ে পাঠদান করছেন শিক্ষকরা। ঝড়বৃষ্টিতে ছাত্র ছাত্রীরা ভয়ে পাশের বাড়ি বা ক্লাবঘরে আশ্রয় নেয়। সামান্য বৃষ্টি হলেও চাল চুইয়ে শ্রেণী কক্ষের ভেতরে পানি পড়ে। তৃতীয় শ্রেণীর ছাত্র সজীব হোসেন বলে, বৃষ্টি আসলে আমাদের বই খাতা ভিজে যায়। তখন আমরা বেঞ্চে বসে থাকতে পারি না। একই শ্রেণীর ছাত্রী রোজিনা বলে, ঝড়বৃষ্টির দিনে একটু বাতাস আসলে আমরা দৌড়ে পাশের বাড়িতে আশ্রয় নেই। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আজিজুর রহমান জানান বিদ্যালয়টি এমনভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে যা বর্তমানে সংস্কার করার পর্যায়ে নেই। একটি নতুন ভবন নির্মাণ অতিজরুরী।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা মো. শরীফ মাহমুদ জানান, বিদ্যালয়টি একটি পুরনো শিক্ষা প্রতিষ্ঠান। একটি ভবন নির্মাণের জন্য বারবার যথাযথ কর্তৃপক্ষের কাছে আবেদন করার পরও অদ্যাবধি কোন ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়। ফলে বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। মির্জাপুর উপজেলা শিক্ষা কমিটির সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টু বলেন, নওগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়টিতে একটি নতুন ভবন নির্মাণের জন্য একাধিকবার আবেদন করা হলেও অজ্ঞাত কারণে তা বাস্তবায়ন হচ্ছে না।